



১২ সেপ্টেম্বর, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

ট্যাম্পাকো প্যাকেজিং কারখানা অগ্নিকান্ডের ঘটনায় ব্লাস্ট নিহত ও আহত শ্রমিকের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ ও বিচার দাবী করছে

টঙ্গীর ট্যাম্পাকো প্যাকেজিং কারখানা অগ্নিকান্ডের ঘটনায় এ পর্যন্ত যে ৩৩ জন শ্রমিক মৃত্যুবরণ করেছেন তাদের পরিবারের প্রতি ব্লাস্ট একাত্মতা প্রকাশ করছে। আমরা সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার এবং শাস্তি দাবী করছি। পাশাপাশি আমরা ক্ষতিগ্রস্ত শ্রমিকের পর্যাপ্ত ক্ষতিপূরণ সহ আইন সংশোধনের জন্য জোর দাবী জানাচ্ছি।

বিভিন্ন সংবাদ মাধ্যম সূত্রে জানা যায় যে, শনিবার সকালে টঙ্গীতে অবস্থিত ট্যাম্পাকো ফয়েলস নামে পাঁচ তলা বিশিষ্ট কারখানায় সকাল ৬টার দিকে কারখানার পুরো ভবনে আগুন ছড়িয়ে পড়ে। এ পর্যন্ত সেখানে ৩৩জনের মৃত্যুর তথ্য পাওয়া গেছে।

রাণা প্লাজা এবং তাজরীনের ভয়াবহ ট্যাজেডির পর এ ধরনের ঘটনা আমাদের কাছে অপ্রত্যাশিত এবং অনাকাঙ্ক্ষিত। সেই ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করে আমাদের পোশাক শিল্পের সকল কারখানায় শ্রমিকদের জন্য নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

শ্রম আইনে নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণের জন্য যে অপরিপূর্ণ অর্থের কথা উল্লেখ আছে (নিহত শ্রমিকের জন্য ১ লক্ষ টাকা এবং আহত শ্রমিকের জন্য ১লক্ষ ২৫ হাজার টাকা) তা অতি জরুর পর্যালোচনা করে একটি সুনির্দিষ্ট মানদণ্ড নির্ণয়ের জন্য সংশোধন হওয়া প্রয়োজন।

২০১৩ সালে রাণা প্লাজা ভবন ধ্বংসের পর সরকার এবং আন্তর্জাতিক সংস্থাগুলো যেভাবে পোশাকশিল্পের অবস্থার উন্নয়নে যেভাবে দৃষ্টি নিবদ্ধ করেছে সেভাবে পোশাক শিল্পের বাইরেও ট্যাম্পাকো প্যাকেজিং কারখানা অগ্নিকান্ডের ঘটনায় মনোনিবেশ করা প্রয়োজন। কারণ এখানে শ্রমিকরা একইভাবে অগ্নিকান্ড, বৈদ্যুতিক দুর্ঘটনা এবং ভবন ধ্বংসের মুখোমুখি হচ্ছেন।

ব্লাস্ট ক্ষতিপূরণ আইনের সংস্কার দাবী করছে যেন শ্রমিক এবং তার পরিবারের নির্ভরশীল সদস্যরা রাণা প্লাজার মতো একই রকম ক্ষতিপূরণ পেতে পারে।

“বাংলাদেশের শ্রম আইনে যেভাবে ক্ষতিপূরণের উল্লেখ আছে তা শ্রমিক এবং তার পরিবারকে পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান থেকে অনেক কম। রাণা প্লাজা ধ্বংসে যে নীতিমালার ভিত্তিতে ক্ষতিপূরণের বিষয়টি ধার্য করার প্রচেষ্টা নেয়া হয়েছে তা আমাদের আইন এবং চর্চায় অনুসরণ করা উচিত। আর তা না হলে পোশাক শিল্পের সাথে অন্যান্য ক্ষেত্রের শ্রমিকদের সুস্পষ্ট বৈষম্য বয়ে আনবে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন)

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd